গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
১৯৬/২, হাউজিং এস্টেট,
উপশহর, রাজশাহী।
www.cevrajshahi.gov.bd

"মূসক দেবো জনে জনে
অংশ নেবো উন্নয়নে"

## উৎসে মূল্য সংযোজন কর (মূসক) কর্তন/আদায় সংক্রান্ত বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী এর অধিক্ষেত্রভুক্ত রাজশাহী, পাবনা, বগুড়া, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ ও জয়পুরহাট জেলার নিম্ন বর্ণিত ছকের ২নং কলামে উল্লিখিত ১০ ধরণের সেবা গ্রহণকারী বা সেবা মূল্য পরিশোধকারী প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক সেবা মূল্য পরিশোধকালে ছকের ৩নং কলামে বর্ণিত ৩৮টি সেবা খাতের বিপরীতে উল্লিখিত হারে উৎসে মূল্য সংযোজন কর (মূসক) আবশ্যিকভাবে কর্তনপূর্বক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী এর অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে অর্থনৈতিক কোড ১/১১৩৩/০০২০/০৩১১ তে জমা করার বিধান রয়েছে।

| সংশ্লিষ্ট মূসক ধারা/বিধি এবং বোর্ডের প্রজ্ঞাপণ/ আদেশ | উৎসে মূসক কর্তনকারী কর্তৃপক্ষ | উৎসে মূসক কর্তনযোগ্য সেবার কোড, সেবাসমূহ ও কর্তনের হার | | | | যে ক্ষেত্রে উৎসে মূসক কর্তন প্রযোজ্য নয় | পরিপালন ব্যর্থতায় শাস্তি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | | | ৪ | ৫ |
| ১। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৬(৪কক) এবং ৬(৪ককক)<br><br>২। মূল্য সংযোজন করবিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮(ক), ১৮(খ), ১৮(ঙ)।<br><br>৩। সাধারণ আদেশ নং- ০৬/মূসক/২০১৬, তারিখ- ০২.০৬.২০১৬ খ্রিঃ। | ১। সরকারি প্রতিষ্ঠান,<br>২। আধা-সরকারি প্রতিষ্ঠান,<br>৩। স্বায়ত্ত-শাসিত প্রতিষ্ঠান,<br>৪। এনজিও,<br>৫। ব্যাংক,<br>৬। বীমা<br>৭। আর্থিক প্রতিষ্ঠান,<br>৮। লিমিটেড কোম্পানী,<br>৯। শিক্ষা প্রতিষ্ঠান,<br>১০। ১ (এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্ণওভারযুক্ত প্রতিষ্ঠান (উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ পণ্য বা সেবার মূল্য বা কমিশন পরিশোধকালে উৎসে মূসক কর্তনে ক্ষমতাপ্রাপ্ত) | ১. | এস ০০২.০০ | ডেকোরেটর্স ও ক্যাটারার্স | ১৫% | ১. "মূসক-১১"/"মূসক-১১ক" চালানপত্র বা "মূসক-১১" চালানপত্র হিসেবে বিবেচিত কোনো চালানপত্রমূলে উৎপাদক/প্রস্তুতকারক বা ব্যবসায়ী সরাসরি পণ্য সরবরাহ করলে, বা টার্ণওভার কর বা কুটিরশিল্পের আওতায় তালিকাভুক্ত প্রতিষ্ঠান তালিকাভুক্তি নম্বর সম্বলিত ক্যাশমেমোমূলে সরাসরি পণ্য সরবরাহ করলে, উক্ত সরবরাহ "যোগানদার" হিসাবে বিবেচিত হবে না বিধায় এরূপ ক্ষেত্রে মূসক উৎসে কর্তন করতে হবে না।<br><br>২. গ্যাস, বিদ্যুৎ, টেলিফোন, মোবাইল ফোন, পানি ইত্যাদি পরিসেবার বিল পরিশোধের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হবে না।<br><br>৩। "বিজ্ঞাপনী সংস্থা" শীর্ষক সেবা প্রদানকারী যেক্ষেত্রে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত "মূসক-১১"/"মূসক-১১ক" চালানপত্র বা "মূসক-১১" হিসেবে বিবেচিত কোন চালানপত্রসহ বিল দাখিল করবে, সেক্ষেত্রে মূসক উৎসে কর্তন করতে হবে না। উক্তরূপে প্রত্যায়িত মূসক চালান না থাকলে ১৫ শতাংশ হারে মূসক উৎসে কর্তন করতে হবে। | ১। উৎসে মূসক কর্তন বা জমা প্রদানের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও কর্তন বা জমা প্রদানে ব্যর্থ হলে উক্ত মূসক মাসিক ২% হারে সুদসহ এমনভাবে আদায়যোগ্য হবে, যেন তিনি পণ্য বা সেবা সরবরাহকারী।<br><br>২। উৎসে মূসক কর্তন ও জমাদানের ব্যর্থতায় কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার উপর অনধিক ২৫,০০০/- টাকা ব্যক্তিগত জরিমানা আরোপযোগ্য হবে।<br><br>৩। উপরন্তু যথাসময়ে উৎসে মূসক কর্তন না করলে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৭(২) মোতাবেক অর্থদন্ড আরোপ করা হবে। |
| | | ২. | এস ০০৩.১০ | মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ | ১০% | | |
| | | ৩. | এস ০০৩.২০ | ডকইয়ার্ড | ১০% | | |
| | | ৪. | এস ০০৪.০০ | নির্মাণ সংস্থা | ৬% | | |
| | | ৫. | এস ০০৮.১০ | ছাপাখানা | ১৫% | | |
| | | ৬. | এস ০০৯.০০ | নিলামকারী সংস্থা | ১৫% | | |
| | | ৭. | এস ০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা | ৩% | | |
| | | ৮. | এস ০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা | | | |
| | | | | (ক) ১-১১০০ বর্গফুট পর্যন্ত শতকরা দশ শতাংশ | ১.৫% | | |
| | | | | (খ) ১১০১-১৬০০ বর্গফুট পর্যন্ত শতকরা ষোল দশমিক ছয় ছয় শতাংশ | ২.৫% | | |
| | | | | (গ) ১৬০১ বর্গফুট হইতে শতকরা ত্রিশ শতাংশ | ৪.৫% | | |
| | | ৯. | এস ০১৪.০০ | ইন্ডেন্টিং সংস্থা | ১৫% | | |
| | | ১০. | এস ০২০.০০ | জরিপ সংস্থা | ১৫% | | |
| | | ১১. | এস ০২১.০০ | প্লান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা | ১৫% | | |
| | | ১২. | এস ০২৪.০০ | ক) আসবাবপত্রের বিপণন কেন্দ্র (উৎপাদন পর্যায়ে) | ৬% | | |
| | | | | খ) বিপণন পর্যায়ে - শো-রুম ( উৎপাদন পর্যায়ে ৬% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে) | ৪% | | |
| | | ১৩. | এস ০২৮.০০ | কুরিয়ার ((Courier)) ও এক্সপ্রেস মেইল সার্ভিস | ১৫% | | |
| | | ১৪. | এস ০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং- এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা | ১৫% | | |
| | | ১৫. | এস ০৩২.০০ | কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজারী ফার্ম | ১৫% | | |
| | | ১৬. | এস ০৩৩.০০ | ইজারাদার | ১৫% | | |
| | | ১৭. | এস ০৩৪.০০ | অডিট এন্ড একাউন্টিং ফার্ম | ১৫% | | |
| | | ১৮. | এস ০৩৭.০০ | যোগানদার (Procurement Provider) | ৫% | | |
| | | ১৯. | এস ০৪০.০০ | সিকিউরিটি সার্ভিস | ১৫% | | |
| | | ২০. | এস ০৪৫.০০ | আইন পরামর্শক | ১৫% | | |
| | | ২১. | এস ০৪৮.০০ | পরিবহন ঠিকাদার - | | | |
| | | | | ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহণের ক্ষেত্রে | ৪.৫% | | |
| | | | | খ) অন্যান্য পণ্য পরিবহণের ক্ষেত্রে | ১০% | | |
| | | ২২. | এস ০৪৯.০০ | যানবাহন ভাড়া প্রদানকারী | ১৫% | | |
| | | ২৩. | এস ০৫০.১০ | আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর | ১৫% | | |
| | | ২৪. | এস ০৫০.২০ | গ্রাফিক ডিজাইনার | ১৫% | | |
| | | ২৫. | এস ০৫১.০০ | ইঞ্জিনিয়ারিং ফার্ম | ১৫% | | |
| | | ২৬. | এস ০৫২.০০ | শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী | ১৫% | | |
| | | ২৭. | এস ০৫৩.০০ | বোর্ড সভায় যোগদানকারী | ১৫% | | |
| | | ২৮. | এস ০৫৪.০০ | উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী | ১৫% | | |
| | | ২৯. | এস ০৫৮.০০ | চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী | ১৫% | | |
| | | ৩০. | এস ০৬০.০০ | নিলামকৃত পণ্যের ক্রেতা | ৪% | | |
| | | ৩১. | এস ০৬৫.০০ | ভবন বা অঙ্গন পরিষ্কার/রক্ষণাবেক্ষণকারী | ১৫% | | |
| | | ৩২. | এস ০৬৬.০০ | লটারির টিকিট বিক্রয়কারী | ১৫% | | |
| | | ৩৩. | এস ০৭১.০০ | অনুষ্ঠান আয়োজক | ১৫% | | |
| | | ৩৪. | এস ০৭২.০০ | মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান | ১৫% | | |
| | | ৩৫. | এস ০৯৯.১০ | তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services) | ৪.৫% | | |
| | | ৩৬. | এস ০৯৯.২০ | অন্যান্য বিবিধ সেবা | ১৫% | | |
| | | ৩৭. | এস ০৯৯.৩০ | স্পন্সরশীপ সেবা (Sponsorship Services) | ১৫% | | |
| | | ৩৮. | এস ০৯৯.৬০ | ক্রেডিট রেটিং এজেন্সি | ১৫% | | |